



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা - ১৩৪৩
www.bpatc.gov.bd

২০২৩-২৪ অর্থবছরে ইনোভেশন টিমের প্রথম সভা

সভাপতি	মোহাম্মদ রাজিবুল ইসলাম পরিচালক
সভার তারিখ	১১ জুলাই ২০২৩
সভার সময়	সকাল ৯.৩০ ঘটিকা
স্থান	ইনোভেশন অফিসারের দাপ্তরিক কক্ষ
উপস্থিতি	উপস্থিতি সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি গত ২০২২-২৩ অর্থবছরে টিম এর সকলকে পরিপূর্ণ সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এ অর্থবছরে একইভাবে সহযোগিতার প্রত্যাশা করেন। পরবর্তীতে তিনি সদস্য সচিবকে সভার কার্যক্রম উপস্থাপন করতে বলেন। সদস্য সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে APA চুক্তির অংশ হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচক সমূহ শেয়ার করেন এবং প্রতিটি সূচকে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


ক্রঃ	কার্যক্রম	সূচক সম্পাদনের তারিখ/সংখ্যা/শতকরা হার	সিদ্ধান্ত	কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়ক কর্মকর্তার নাম ও পদবী
১.১.১	সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশন এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	১৬/৩/২০২৪	উদ্ভাবনী ধারণা হিসেবে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট টিম কর্তৃক প্রস্তাবিত Training Management Software বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা যায়। সিস্টেম এনালিস্ট ড. জিয়াউল ইসলাম জানান, বিষয়টি নিয়ে বাংলাদেশ ব্যাংকের টিম এর সাথে আলোচনাক্রমে অক্টোবরের মধ্যে কাজটি সমাপন হতে পারে।	ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম, সিস্টেম এনালিস্ট ও সদস্য, ইনোভেশন টিম
২.১.১	ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা	৪	ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ হালনাগাদকরণ করতে হবে এবং ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ ও আপডেট ইনোভেশন টিমের সভায় নিয়মিতভাবে অবহিত করতে হবে	জনাব মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন টিম
৩.১.১	আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত	০৯/৫/২০২৪	আরপিএটিসিসমূহ, স্কুল-কলেজের অংশগ্রহণে আগামী জানুয়ারি-ফেব্রুয়ারি/২০২৪ এর মধ্যে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের ব্যবস্থা গ্রহণ। শোকেসিং থেকে নির্ধারিত কমিটি কর্তৃক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা যেতে পারে। এক্ষেত্রে Combined Idea কে বিবেচনা করা যেতে পারে।	জনাব শামীম আদনান, উপপরিচালক (আন্তর্জাতিক কর্মসূচী) ও সদস্য, ইনোভেশন টিম
৪.১.১	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	৮০%	প্রশাসনিক সমন্বয় সভার আলোচনা সভায় ইনথি/ডিনথির ব্যবহার বৃদ্ধির কলামে হার্ডনথিতে নিষ্পত্তিকৃত নোট ও ডিনথিতে নিষ্পত্তিকৃত নোটের তুলনামূলক বিবরণী উল্লেখসহ এটি পরবর্তীতে প্রমাণক হিসেবে উপস্থাপিত হবে	জনাব মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন টিম

৫.১.১	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	৪	বিপিএটিসির তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে সভায় আপডেট জানাতে হবে	জনাব মোঃ মামুন-অর-রশীদ, লাইব্রেরিয়ান ও সদস্য, ইনোভেশন টিম
৫.১.২	আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ	৪	আরপিএটিসিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিতকরণে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে	জনাব মোঃ মামুন-অর-রশীদ, লাইব্রেরিয়ান ও সদস্য, ইনোভেশন টিম
৬.১.১	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/সেমিনার আয়োজিত	২	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ন্যূনতম ২টি কর্মশালা/ সভা/সেমিনার আয়োজন করতে হবে এবং সভাপতি আগস্ট এর মধ্যেই এ বিষয়ে ১টি কর্মশালা/সেমিনার আয়োজনে জোর দেন	ড. মোঃ মোরশেদ আলম, উপপরিচালক (গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম
৬.১.২	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	২৫/৩/২০২৪	এ বিষয়ে সিস্টেম এনালিস্ট জানান, কর্মপরিকল্পনা অতিশীঘ্রই উপস্থাপন করা হবে এবং এ বছরের মধ্যেই ওয়েবসাইটে পাবলিশ করা হবে	জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার এবং ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম, সিস্টেম এনালিস্ট ও সদস্য, ইনোভেশন টিম

০২। উপরিউক্ত কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নে সহায়ক কর্মকর্তা থাকলেও কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইনোভেশন টিম এর সকলেই বর্গিত কর্মসম্পাদন সূচকের লক্ষ্য অর্জনে সহায়তা করবেন। প্রয়োজনে ইনোভেশন টিম এর বাহিরে বিপিএটিসির সংশ্লিষ্ট অনুযায়ী/সেকশনের সহায়তা নিতে হবে।

০৩। সূচক বাস্তবায়নে সহায়ক কর্মকর্তা, কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন/আয়োজনে প্রয়োজনীয় প্রশাসনিক ও আর্থিক ব্যয়ের প্রস্তাবনা জরুরীভাবে উপস্থাপন এর জন্য অনুরোধ করা হলো।

০৪। সভায় আর কোনো আলোচনার কার্যক্রম না থাকায় সভাপতি পুণরায় সকলকে সভায় আন্তরিকভাবে অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



৩০-০৭-২০২৩

মোহাম্মদ রাজিবুল ইসলাম
পরিচালক

০২২২৪৪৪৫০২৩ (ফোন)

dir.admin@bpatc.gov.bd

১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.০১.২৬৭২.১৫৪.০৬.০০১.১৮.৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সকল), ইনোভেশন টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা।;
- ২। উপপরিচালক, অর্থ অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি);
- ৩। উপপরিচালক, সেবা অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এবং
- ৪। সহকারী পরিচালক, সাধারণ শাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।




৩০-০৭-২০২৩

মোহাম্মদ মাসুম রহমান
সহকারী প্রোগ্রামার

সকল সংযুক্তিসমূহ:

(১) 1st Meeting Attendance Sheet (Innovation Team)